

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস বন্ড কমিশনারেট

৩৪২/১, সেগুন বাগিচা

ঢাকা।

নথি নং-৫(১৩)১৩৮/কাস-বন্ড/ইউডি/পলিসি/২০০৩/৮৪৬৭

তারিখ ০২.০৭.২০০৩

প্রেরক: কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট
ঢাকা।

প্রাপক: সভাপতি
বিজিএমইএ
বিটিএমসি ভবন
৭-৯, কাওরান বাজার, ঢাকা।

বিষয়: বন্ডার (গার্মেন্টস প্রতিষ্ঠান) কর্তৃক দাখিলকৃত ত্রৈমাসিক বিবরণী এবং পাশ বইয়ে রপ্তানি এন্ট্রি যাচাই সংক্রান্ত মতামত বিজিএমইএ এর দেয়া ইউডি'র কপিতে উল্লেখকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা হতে বিজিএমইএ -কে ইউডি জারীর ক্ষমতা অর্পন করে যে এস.আর.ও নং-২৭১ জারী করা হয় তাতে শর্ত দেয়া হয় যে, বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ফরমে প্রতি তিন মাস অন্তর সংশ্লিষ্ট রপ্তানি ঋণপত্রের বিপরীতে একটি বিবরণী লিয়েন ব্যাংক কর্তৃক প্রত্যায়িত করে কমিশনারের নিকট প্রেরণ করা হবে। উক্ত বিবরণী দাখিল করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কাঁচামাল খালাস বন্ধ করে দেয়া যাবে। রেকর্ডস অনুযায়ী জানা যায় যে, অধিকাংশ প্রতিষ্ঠান এই বিবরণী দাখিল করছেন না।

০৩। রপ্তানিমুখী পোশাক শিল্পখাতে বন্ড সুবিধার অপব্যবহার করে শুল্ক ফাঁকি এবং এর প্রতিকার প্রসংগে জাতীয় রাজস্ব বোর্ডে ২১ শে জুলাই, ১৯৯৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর অনুচ্ছেদ ১০ এ উল্লেখ করা হয়েছে যে, ইউডি ইস্যুকারী কর্তৃপক্ষ ইউডি ইস্যুর পূর্বে বন্ডারের পাশবইয়ে রপ্তানি এন্ট্রি যাচাইয়ের মাধ্যমে পূর্বে ইস্যুকৃত ইউডি এর মালামাল রপ্তানির বিষয়টি মনিটর করবেন এবং এ বিষয়ে তাদের পর্যবেক্ষণ বা মতামত থাকলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করবেন। এই বিধানও অনুসরণ করা হচ্ছে না।

০৪। এমতাবস্থায় উপরোল্লিখিত ত্রৈমাসিক বিবরণী নিয়মিত দাখিল নিশ্চিত করত: বন্ডারের পাশ বই যাচাই করে আমদানি রপ্তানির বিষয়ে পর্যবেক্ষণ এর ফলাফল/মতামত ইউডি -এর কপিতে উল্লেখ করে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট গার্মেন্টস প্রতিষ্ঠানের অনুকূলে ইউডি জারী করা বাঞ্ছনীয়। এতদসংক্রান্ত বিষয়টি বিজিএমইএ এর সকল সদস্যকে অবহিত করণসহ কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।

০৫। উপরিউক্ত বিধানাবলী যথাযথভাবে প্রতিপালিত না হলে সংশ্লিষ্ট গার্মেন্টস প্রতিষ্ঠান কর্তক প্যাকিং সামগ্রী ও আনুষঙ্গিক দ্রব্যাদি (Cartons & accessories) সংগ্রহের লক্ষ্যে প্রদত্ত ব্যাক টু ব্যাক এলসি ও ইউডি এর বিপরীতে উক্তরূপ পণ্য (Cartons & accessories) সরবরাহকারী প্রতিষ্ঠানের অনুকূলে ইউপি জারী স্থগিত রাখা হবে।

০৬। বিষয়টি জরুরী হিসেবে বিবেচ্য।

স্বাক্ষরিত/-
[হেলাল উদ্দিন আহমেদ]
কমিশনার
ফোন-৯৩৪ ৭০০০